উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোহাম্মদ শাহজাহান , প্রশাসক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভারস্থান: : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ২৪ ডিসেম্বর, ২০২৫
সময় : সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষ কে জানাতে হয়। এমতাবস্থায়, সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না। ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবেনা এবং জটিলতা দেখা দিবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কিনা সভায় জানতে চাওয়া হয়। | সিদ্ধান্ত ১ ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ/অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| ২. ব্যয়ের হিসাব | বিগত মাসের উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br><br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলেরব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | |

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের নভেম্বর/২০২৫ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- |
| ০২ | উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের নভেম্বর/২০২৫ মাসের মাসিক,আপ্যায়ন ও অন্যান্য বিল ভ্যাটসহ | ২৩,৭৯০/- |
| ০৩ | উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের নভেম্বর/২০২৫ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- |
| ০৪ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর নভেম্বর/২০২৫ মাসের মজুরি । (সরকারি সিদ্ধান্তমতে ৭০০ টাকা হারে ২২ দিনের) | ১৫,৪০০/- |
| ০৫ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর নভেম্বর/২০২৫ মাসের মজুরি বিল। (সরকারি সিদ্ধান্তমতে ৭০০ টাকা হারে ২২ দিনের) | ১৫,৪০০/- |
| ০৬ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর নভেম্বর/২০২৫ মাসের মজুরি । (সরকারি সিদ্ধান্তমতে ৭০০ টাকা হারে ২২ দিনের) | ১৫,৪০০/- |
| ০৭ | জনাব মো; কামাল হোসেন, পরিচ্ছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর নভেম্বর/২০২৫ মাসের মজুরি (সরকারি সিদ্ধান্তমতে ৭০০ টাকা হারে ২২ দিনের) | ১৫,৪০০/- |

বিভাগ ওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় অবহিত করেন যে, এডিপির ১ম ও ২য় কিস্তির অর্থ বরাদ্দ পাওয়া গেছে। বিশেষ বরাদ্দ হতে ১২.০ লক্ষ টাকার কাজ সম্পন্ন করা হয়েছে বাকী ১৮.০০ লক্ষ টাকার কাজ জরুরি ভিত্তিতে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে শান্তিগঞ্জ উপজেলায় নির্বাচনী মালামাল পরিবহন ও ভোটগ্রহণ কর্মকর্তাগণের যাতায়াতের সুবিধার জন্য জরুরী ভিত্তিতে রাস্তাঘাট মেরামতের বিষয়ে সভায় আলোচনা করা হয়। জরুরী ভিত্তিতে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) হতে নির্বাচনী কাজে ব্যবহৃত রাস্তার মেরামতের কাজ সম্পন্ন করতে হবে। | ২০২৫-২০২৬ অর্থ বছরের দাখিলীয় প্রকল্প সভায় অনুমোদন করা হয়। জরুরী ভিত্তিতে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে শান্তিগঞ্জ উপজেলায় নির্বাচনী মালামাল পরিবহন ও ভোটগ্রহণ কর্মকর্তাগণের যাতায়াতের সুবিধার্থে রাস্তাঘাট মেরামত করতে হবে। | উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ জানান যে, লোড সেডিং এর কারণে ল্যাবে সংরক্ষিত ঔষধের কার্যকারিতা নষ্ট হতে পারে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ একটি আইপিএস জরুরী। উপজেলা পরিষদ/এডিপির অর্থায়নে একটি আইপিএস স্থাপনের জন্য সবাই অনুরোধ করেন। তাছাড়া তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদ/এডিপির অর্থায়নে একটি আইপিএস স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান যে, ডাকপ্লেগ, কলেরা রোগের ভ্যাকসিনের মজুদ কমে গেছে। সরকারিভাবে প্রাণিদের ঔষধ সরবরাহ না থাকায় কৃষক/খামারিদের গবাদি পশুর ঔষধ সরবরাহ করা যাচ্ছে না। উপজেলা পরিষদ/এডিপির অর্থায়নে গবাদি পশুর ঔষধ সরবরাহ করার অনুরোধ করেন। সম্প্রতি গরুর এলএসডি রোগে আক্রান্ত হয়েছে। ডাবরস্থ উপজেলা প্রাণিসম্পদ অফিসে অফিস সময়ের বাইরে কিছু মাদকসেবী প্রবেশ করে মাদক সেবন করে থাকে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ এঁর দৃষ্টি আকর্ষণ করেন। | ডাবরস্থ উপজেলা প্রাণিসম্পদ অফিসে অফিসে মাদক সেবনের বিষয়টি পত্রের মাধ্যমে অফিসার ইনচার্জ,শান্তিগঞ্জকে অবহিত করতে হবে। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৪। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা ,শান্তিগঞ্জ সভায় জানান যে, ২২,৬০০ একর জমিতে (প্রায়) বোরো ধানের আবাদ হয়েছে। এই বছর যথাসময়ে কৃষকের মাঝে সার ও বীজ বিতরণ করা হয়েছে। সারের চাহিদা বৃদ্ধি পাচ্ছে। হাওর রক্ষা বাধের কাজে পরিদর্শন করার জন্য উপজেলা কৃষি অফিসের কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। ৩৬৫ জনকে সরিষা বীজ ও বাদামের বীজ বিতরণ করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | কৃষি প্রণোদনা বিতরণের উপযুক্ত কৃষক নির্বাচন করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা , শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান। সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন সংশ্লিষ্ট সকল ওয়াশব্লক ও টিউবওয়েলের কাজ জানুয়ারি/২৬ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। যথাযথ মান বজায় রেখে গভীর নলকূপ স্থাপন নিশ্চিত করতে হবে। | কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি করতে হবে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন সংশ্লিষ্ট সকল ওয়াশব্লক ও টিউবওয়েলের কাজ জানুয়ারি/২৬ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান যে, হাওরের পানি শুকিয়ে যাওয়ার সাথে সাথে জেলেরা মাছ শিকারের জন্য অবৈধ বিষ প্রয়োগ করে মাছের ডিম ও প্রজনন ক্ষমতা বিনষ্ট করে ফেলে। সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, চলতি নদীর মাঝে বাধা/জাল দিয়ে বাধা সৃষ্টি করে মাছ শিকার করা বন্ধ করতে হবে। শুকনো মৌসুমে হাওরে ও বিলে পানি শুকিয়ে মাছ ধরা নিয়ে জটিলতা সৃষ্টি হয়। এ বিষয়ে আইন অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সচেষ্ট থাকার অনুরোধ করেন। | অবৈধ বিষ প্রয়োগ করে মাছের ডিম ও প্রজনন ক্ষমতা বিনষ্ট না করার জন্য সচেষ্ট থাকতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৭ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান যে, ঔষদের স্বল্পতার কারণে সেবা প্রার্থীদের ঔষধ সরবরাহ করা যাচ্ছে না। অতিশ্রীঘ্রই ঔষধ সরবরাহ করা হবে। পাথারিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রের নলকূপে পানি উঠেনা এ বিষয়ে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | পাথারিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রে পানির পাম্প মেরামতের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অবহিতপূর্বক জরুরি ভিত্তিতে সমাধান করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ<br>২. পাথারিয়া ইউপি চেয়ারম্যান,শান্তিগঞ্জ। |
| ৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, ১ম পর্যায়ের টি আর ও কাবিখা এবং কাবিটা প্রকল্পের কাজ প্রায় ৮০% সম্পন্ন হয়েছে। ১ম পর্যায়ের ৫০% বিল অগ্রিম দেওয়া হয়েছে। প্রকল্প পরিদর্শন করে পোস্ট ওয়ার্ক গ্রহণ করে চূড়ান্ত বিল পরিশোধ করা হবে। ইতিমধ্যে নির্বাচন কমিশন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষ্যে এলাকায় নতুন প্রকল্প গ্রহণ ও অনুদান/ত্রাণ বিতরণ কার্যক্রম স্থগিত রাখার নির্দেশনা প্রদান করেছেন। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অর্থ ছাড়ের নির্দেশনা প্রাপ্তি সাপেক্ষে ১ম পর্যায়ের চলমান কাজের বিল ছাড় করা হবে এবং ২য় পর্যায়ের প্রকল্প তালিকার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | নির্দেশনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান আগামী ২৯/১২/২০২৫ তারিখ সকল প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম শুরু হবে। ৩০/১২/২০২৫ তারিখ ফলাফল ঘোষণা করা হবে। সরকারি নির্দেশনামতে মা সমাবেশ/অভিভাবক সমাবেশ করে ঘোষণা করার নির্দেশনা দিয়েছেন। আগামী ১লা জানুয়ারি ২০২৬ বই উৎসব করে বই বিতরণ করা হবে। তাছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | সরকারি নির্দেশনামতে মা সমাবেশ/অভিভাবক সমাবেশ করতে হবে। অভিভাবক সমাবেশে গণভোটের প্রচারণা করতে হবে। | ১. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ।<br>২. উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শান্তিগঞ্জ জানান পাগলা মডেল সরকারি হাই স্কুল এন্ড কলেজে জুনিয়র বৃত্তি পরীক্ষার কেন্দ্র রয়েছে। সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্ন করার জন্য সবার সহযোগিতা প্রয়োজন। | জুনিয়র বৃত্তি পরীক্ষা সঠিকভাবে সম্পন্ন করতে সকলকে সহযোগিতা করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা, শান্তিগঞ্জ |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, ঋণ আদায় অগ্রগতি পূর্বের মাসের চেয়ে ভালো। বিতরণকৃত ঋণ ১,৫০,০০,০০০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) বিগত মাস পর্যন্ত আদায় ৬০,৬১,০০০/- হালে আদায় ২,৬৩,০০০/- মোট আদায় ৬৩,২৪,০০০/- এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, প্রতি মাসে মাসিক সভায় ঋণ আদায়ের হার লিখিতভাবে উপস্থাপন করতে হবে। | ঋণ আদায়সহ সমিতির যাবতীয় কার্যক্রমে গতিশীলতা আনতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান সবধরণের সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজড়া, বেদে, অনগ্রসর ও উপবৃত্তি প্রদানের নিমিত্ত অনলাইন আবেদন কার্যক্রম গ্রহণ করা শুরু হয়েছে। সকল ইউপি চেয়ারম্যানগণকে এ বিষয়ে G2P পদ্ধতিতে ভাতা প্রদানের সুবিধার্থে যোগ্য প্রার্থীদের কে অনলাইন আবেদন সম্পন্ন করার বিষয়টি অবহিত করার অনুরোধ জানান। | সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজড়া, বেদে, অনগ্রসর ও উপবৃত্তি প্রদানের নিমিত্ত অনলাইনে আবেদন সম্পন্ন করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ সভায় জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচী উপকারভোগী তালিকা সংশোধন করার জন্য প্রতিটি ইউনিয়ন পরিষদে তালিকা প্রেরণ করা হয়েছে। নীতিমালা মোতাবেক তালিকা সংশোধের জন্য সভায় অনুরোধ করা হয়। | খাদ্য বান্ধব কর্মসূচী উপকারভোগী তালিকা নীতিমালা মোতাবেক সংশোধন করতে হবে। | খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে উপজেলা পরিষদকে অবহিত করেন। | নির্বাচনকালীন কার্যক্রম ও প্রশিক্ষণ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, শান্তিগঞ্জ |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে উপজেলা পরিষদকে অবহিত করেন। | কার্যক্রম ও প্রশিক্ষণে আরো গতিশীলতা আনতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান। VWB বিতরণের পর মাসিক বিতরণ প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করেন। মা ও শিশু কার্যক্রম তালিকা ২০-২৫ ডিসেম্বরের মধ্যে জমা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করেন। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান ২০২৫-২০২৬ অর্থ বছরে ৫ ব্যাচে ৩০ জন করে ১৫০ জনকে গবাদি পশু ও হাসমুরগি পালনে যুব প্রশিক্ষণ দেওয়া হয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রমে গতিশীলতা আনতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভায় জানান যে, সাধারণ প্রান্তিক জনগোষ্টীকে ১০,০০০-২,৫০,০০০ পর্যন্ত ঋণ মঞ্জুর করা হয়। ঋণ আদায়ের হার ৪২% এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। সভায় উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ বলেন যে, আগামী মাসিক সভায় পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত কার্যক্রম বিষয়ে একটি প্রেজেন্টেশন প্রস্তুতপূর্বক সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আগামী মাসিক সভায় পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত কার্যক্রম বিষয়ে একটি প্রেজেন্টেশন প্রস্তুতপূর্বক মাসিক সভায় উপস্থাপন করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২১ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন (পিডিএফ) | সহকারী প্রকল্প পরিচালক, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন,শান্তিগঞ্জ সভায় জানান যে, অত্র বিভাগের কার্যক্রম সম্পর্কে প্রচার প্রচারণা চলমান রয়েছে। শান্তিগঞ্জ উপজেলায় এই অফিসের কার্যক্রম সেপ্টেম্বর/২০২৫ মাস থেকে শুরু হয়। প্রাথমিকভাবে | কার্যক্রমে গতিশীলতা আনতে হবে। | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা,শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | জরিপের মাধ্যমে তালিকা সংগ্রহ করছি। এলাকা জরিপ শেষ হলে সংহতি দল গঠন করে গ্রাম ভিত্তিক ০৫ জন সদস্য নিয়ে দল করে এরকমভাবে ৩/৫ টি দল সংগঠিত করে সমিতির মাধ্যমে অসহায় দরিদ্র মহিলাদের আর্থিক ও সামাজিক উন্নয়নে সুবিধাদি তদারকি করা হবে। | | |
| ২২ | বিবিধ | (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ জানান যে, বিগত ০৮/১২/২০২৫ তারিখ উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক হিসেবে শান্তিগঞ্জ উপজেলায় যোগদান করেন। উপজেলা পরিষদের কার্যক্রম সম্পাদনে উপজেলা পরিষদের সকল সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করেন এবং শান্তিগঞ্জ উপজেলাকে মডেল উপজেলা হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন। আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে শান্তিগঞ্জ উপজেলা পরিষদের সকল সদস্যকে সর্বাত্মক সহযোগিতা করার আহবান জানান। সরকারি নির্দেশনামতে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের প্রচারণা ও অবহিতকরণ কার্যক্রম গ্রহণের জন্য উপস্থিত সকল সদস্যবৃন্দকে অনুরোধ করেন। উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উন্নয়নমূলক কাজ চলছে। উন্নয়নমূলক কাজের মাধ্যে নির্বাচন সংশ্লিষ্ট যে সকল ভোট কেন্দ্র রয়েছে সে সকল ভোট কেন্দ্রের মেরামত/সংস্কার/পয়ঃনিষ্কাশন ব্যবস্থা জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করেন। | (ক) ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন সংশ্লিষ্ট যে সকল ভোট কেন্দ্র রয়েছে অগ্রাধিকার ভিত্তিতে সে সকল ভোট কেন্দ্রের মেরামত/সংস্কার/ পয়ঃনিষ্কাশন ব্যবস্থা করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল। |
| | | (খ) চেয়ারম্যান, পশ্চিম বীরগাও সভায় জানান যে, ডুংরিয়া হতে বড়মোহা ফরিদের বাড়ি হতে ২০০-৩০০ ফুট কাচা রাস্তা করা জরুরী। এ বিষয়ে উপজেলা উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ এর দৃষ্টি আকর্ষণ করেন। জনস্বাস্থ্য অফিস ও বিশ্বব্যাংকের সহযোগিতায় ওয়াশ ব্লকের কাজের মান নিম্নমানের এ বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে তদারকি করার জন্য অনুরোধ করেন। | (খ) ডুংরিয়া হতে বড়মোহা ফরিদের বাড়ি হতে ২০০-৩০০ ফুট কাচা রাস্তা উন্নয়নের বিষয়ে সরেজমিন তদন্তক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (খ) উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান । |
| | | (গ) চেয়ারম্যান, দরগাপাশা জানান যে, সিচনী হতে দরগাপাশা- ভমভমি-বাংলাবাজার রাস্তা মেরামত করা জরুরী। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, জানান যে, এই রাস্তাটি ইতিমধ্যে ডিপিপির অন্তর্ভূক্ত করা হয়েছে অনুমোদিত হলে কাজ শুরু হবে। | (গ) সিচনী হতে দরগাপাশা- ভমভমি-বাংলাবাজার রাস্তা অনুমোদিত হলে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (গ) উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | | (ঘ) চেয়ারম্যান, পশ্চিম পাগলা জানান যে, ইনাতনগর এফ আইভিডিবি ভোট কেন্দ্রের যাতায়াতের রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উথারিয়া এবং মহাসিং নদীতে এক শ্রেণির প্রভাবশালী ব্যক্তিগণ নিজ স্বার্থে কচুরীপানা দিয়ে নদীতে বাধা সৃষ্টি করে রেখেছেন ফলে নদীর গতিপথ বন্ধ হয়ে গেছে। কৃষকগণ তাদের কৃষিকাজের সংশ্লিষ্ট কৃষিপণ্য চলাচলে বাধা সৃষ্টি হয়। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা মৎস্য অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | (ঘ) ইনাতনগর এফ আইভিডিবি ভোট কেন্দ্রের যাতায়াতের রাস্তাটি সরেজমিন তদন্তক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। নদীতে অবৈধভাবে বাধাদানকারীদের বিরুদ্ধে সরেজমিন তদন্তক্রমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ | (ঘ) উপজেলা মৎস্য অফিসার , প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | | করতে হবে। | |
| | | (ঙ) চেয়ারম্যান, জয়কলস জানান যে, ২ নং জামলাবাজ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। | (ঙ)জামলাবাজ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাস্তাটি জরুরী ভিত্তিতে সরেজমিন তদন্তক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ঙ) উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | | (চ) উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ সভায় আলোচনা করেন যে, সকলের আন্তরিক প্রচেষ্টায় শান্তিগঞ্জ উপজেলায় মহান বিজয় দিবস ২০২৫ যথাযোগ্য মর্যদায় উদযাপন করা হয়েছে। উদযাপনের বিভিন্ন আনুষ্ঠানিকতা সম্পন্ন করার জন্য অর্থ সংগ্রহের বিষয়ে গুরুত্বারোপ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর অনুযায়ী জাতীয় দিবস উদযাপনের নিমিত্তে বিভিন্ন আনুষ্ঠানিকতার ব্যয়ভার নির্বাহের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের বিষয়ে আলোচনা করা হয়। | (চ) মহান বিজয় দিবস ২০২৫ এর আনুষ্ঠানিকতার ব্যয়ভার বহনের নিমিত্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ভাউচার সমন্বয়পূর্বক ৫০,০০০/- টাকা উত্তোলন করতে হবে। | (চ) উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ। |
| | | (ছ) উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর ব্যবহৃত জীপগাড়িটি (নং-১১-০০৩০) নিয়মিত ব্যবহার না করায় গাড়িটি সচল করা যাচ্ছে না। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে গাড়ি ব্যবহারের প্রয়োজনীয়তা রয়েছে তাই গাড়িটি সচল করার জন্য জরুরী ভিত্তিতে ব্যাটারী, প্লাগ ওয়ার ০৪ টি,হাপ্ট বিয়ারিং ০১ সেট , হাপ্ট ওয়েলসিং ০২ সেট, গিয়ার ওয়েল ১২ লিটার, পিছনের ব্রেকসু ০১ সেট পরিবর্তন করা হয়েছে । উক্ত ব্যয় বাবদ ৪৯,০০০/- ভ্যাট ও আয়কর বাবদ টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | (ছ) উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ব্যবহৃত জীপগাড়িটি (নং-১১-০০৩০) ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে জরুরী ভিত্তিতে ব্যাটারী, প্লাগ ওয়ার ০৪ টি,হাপ্ট বিয়ারিং ০১ সেট , হাপ্ট ওয়েলসিং ০২ সেট, গিয়ার ওয়েল ১২ লিটার, পিছনের ব্রেকসু ০১ সেট পরিবর্তন করা হয়েছে । উক্ত ব্যয় বাবদ ৪৯,০০০/- ভ্যাট ও আয়কর বাবদ টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | (ছ) উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ। |
| | | (জ) ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে অত্র উপজেলায় দায়িত্বপ্রাপ্ত বিভিন্ন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট/এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও অন্যান্য সরকারি বিভিন্ন এজেন্সির কর্মকর্তাবৃন্দের অবস্থানের প্রয়োজন হতে পারে। অত্র উপজেলায় আবাসিক ব্যবস্থাপনা নেই বললেই চলে। আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে কর্মকর্তাদের আবাসনের বিষয়ে উপজেলা পরিষদের মাসিক সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ মতামত প্রদান করেন যে, যেহেতু দীর্ঘদিন যাবত উপজেলা পরিষদের চেয়ারম্যান বাংলোটি অব্যবহৃত অবস্থায় রয়েছে তাই জরুরী ভিত্তিতে ব্যবহারযোগ্য মেরামতপূর্বক নির্বাচনকালীন সময়ে নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবস্থানের অনুমতি দেওয়া যেতে পারে। | (জ) ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে উপজেলা পরিষদের চেয়ারম্যান বাংলোটি জরুরী ভিত্তিতে মেরামত পূর্বক নির্বাচনকালীন সময় পর্যন্ত নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবস্থানের অনুমতি দেওয়া হোক। | (জ) উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | (ঝ) উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের ০৩ টি লিড টেবিল ক্রয়ের জন্য উপজেলা পরিষদের মাসিক সভায় আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর অনুযায়ী ৩টি লিড টেবিল ক্রয়ের বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ মতামত প্রকাশ করেন। | (ঝ) উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের ০৩ টি লিড টেবিল ক্রয় করতে হবে এবং ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | (ঝ) উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| | | (ঞ) ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে নির্বাচনী প্রতিদন্ধী প্রার্থীগণ, নির্বাচনী এজেন্ট, নির্বাচনী কাজে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ ও আগত সেবাপ্রার্থীদের জন্য একটি অপেক্ষাগার স্থাপন করার বিষয়ে উপজেলা পরিষদের মাসিক সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ঞ) ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে নির্বাচনী প্রতিদন্ধী প্রার্থীগণ,নির্বাচনী এজেন্ট, নির্বাচনী কাজে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ এবং আগত সেবাপ্রার্থীদের জন্য ২য় তলায় সুবিধাজন স্থানে একটি অপেক্ষাগার নির্মাণ করতে হবে। | (ঞ) উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ শাহজাহান)
প্রশাসক
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারকনং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২৫-২১২(৫০)
তারিখ: ২৪/১২/২০২৫ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩.পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
৪. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৫. উপজেলা ...................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
৬. জনাব.................................................................................................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
৭. সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, শান্তিগঞ্জ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (তাঁকে কার্যবিবরণীর কপিটি সংশ্লিষ্ট ওয়েবপোর্টাল/ফেইসবুক পেইজে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৮.চেয়ারম্যান ...................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
৯. জনাব/জনাবা.........................................................................................

(মোহাম্মদ শাহজাহান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ

শক্তিগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা ঃ

(তারিখ ঃ ২৪ ডিসেম্বর ২৫ খ্রিঃ)

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সময় ঃ

| ক্রম নং | নাম | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | | | | |
| ০২ | | | | |
| ০৩ | | | | |
| ০৪ | | | | |
| ০৫ | ডা. তারিক আমিন অভু, মেডিকেল অফিসার | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পঃ কর্মকর্তা | 01774459233 | [signature] |
| ০৬ | ডা. মো. সেলিম রেজা | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | 01747576458 | [signature] |
| ০৭ | মো: আহসান হাবিব | উপজেলা কৃষি কর্মকর্তা | 01700716114 | [signature] |
| ০৮ | | উপজেলা মৎস্য কর্মকর্তা | | |
| ০৯ | মো: সাজেদুল আলম | উপজেলা প্রকৌশলী এলজিইডি | 01716318108 | [signature] |
| ১০ | মাসুমা ফিরোজা | উপজেলা শিক্ষা কর্মকর্তা | 01776020688 | [signature] |
| ১১ | মো: আনিসুর রহমান | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | 01721636320 | [signature] |
| ১২ | মো. তাহরীম রায়হান সাদিক | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | 01749414339 | fahin |
| ১৩ | মোহাম্মদ রুহুল হাসান | উপজেলা সমবায় কর্মকর্তা | ০১৭১২৯৬২৫২৫ | Hassan |
| ১৪ | মো: জাহাঙ্গীর আলম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | 01719-982760 | [signature] |
| ১৫ | মো: কামাল উদ্দিন | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | 01716009617 | [signature] |
| ১৬ | সন্দীপ বিশ্বাস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | 01758132839 | [signature] |
| ১৭ | [illegible] | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | 01706174786 | [signature] |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | সৌরভ দাস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | 01675661922 | Sourav Das |
| ১৯ | | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | | |
| ২০ | মোঃ আতিউর রহমান | উপজেলা প্রকৌশলী (জনস্বাস্থ্য) | 01821-971843 | [illegible] |
| ২১ | এম এম মাহবুবুর রশিদ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | 01749-353498 | [illegible] |
| ২২ | [illegible] | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | |
| ২৩ | | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা | | |
| ২৪ | নিতিশ চন্দ্র বর্মন | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ | 01938-879428 | [illegible] |
| ২৫ | | এজিএম, পল্লী বিদ্যুৎ, শান্তিগঞ্জ। | | |
| ২৬ | আব্দুল সামাদ মুকুল | চেয়ারম্যান,জয়কলস ইউনিয়ন পরিষদ | 01788873040 | [illegible] |
| ২৭ | মোঃ [illegible] মিয়া | চেয়ারম্যান, দরগাপাশা ইউনিয়ন পরিষদ | 01730138629 | [illegible] |
| ২৮ | [illegible] | চেয়ারম্যান, পশ্চিম বীরগাঁও ইউনিয়ন পরিষদ | 01766-422922 | [illegible] |
| ২৯ | [illegible] | চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউনিয়ন পরিষদ | 01748913944 | [illegible] |
| ৩০ | রুপন মিয়া | চেয়াম্যান পূর্ব পাগলা ইউনিয়ন পরিষদ | 01779701864 | [illegible] |
| ৩১ | | চেয়ারম্যান, শিমুলবাঁক ইউনিয়ন পরিষদ | | |
| ৩২ | মোঃ শহীদুল ইসলাম | চেয়ারম্যান, পাথারিয়া ইউনিয়ন পরিষদ | 01799704856 | [illegible] |
| ৩৩ | ইকবাল আহমদ | চেয়াম্যান, পূর্ব বীরগাঁও ইউনিয়ন পরিষদ | 01712-852216 | [illegible] |
| ৩৪ | | সংরক্ষিত ওয়ার্ডের মহিলা সদস্য | | |
| ৩৫ | | সংরক্ষিত ওয়ার্ডের মহিলা সদস্য | | |
| ৩৬ | | সংরক্ষিত ওয়ার্ডের মহিলা সদস্য | | |